



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.২০.০০২.১৫-৪২৬

তারিখঃ ১২/০৪/২০২০খ্রিঃ।

বিষয়ঃ ৩২৯টি পৌরসভার কর্মচারীদের বেতন-ভাতা সহায়তা খাতে বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে সমগ্র বিশ্বে করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারী আকার ধারণ করছে, যার প্রভাব বাংলাদেশেও পড়েছে। করোনা পরিস্থিতির কারণে দেশের সরকারি প্রতিষ্ঠান সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। করোনা ভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবের ফলে সৃষ্ট দুর্ভোগ পরিস্থিতিকে মোকাবেলার জন্য পৌরসভার জনপ্রতিনিধি এবং কর্মকর্তা-কর্মচারীগণ সাধারণ ছুটিকালে নিরলসভাবে মানুষের পাশে থেকে সেবা করে যাচ্ছে। সীমিত সম্পদ নিয়েও বৈশ্বিক মহামারীকালে পৌরসভা হতে নাগরিকদের সকল প্রকার সেবা (পরিষ্কার-পরিচ্ছন্নতা ও পানি সরবরাহ) অব্যাহত রাখা হয়েছে এবং এ সংকটকালে পৌরসভা পৌরসভার নিয়মিত রাজস্ব আয়ের খাত হিসেবে চিহ্নিত হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স দোকান ভাড়াসহ যাবতীয় রাজস্ব আয়ের পথ বন্ধ রয়েছে। পৌরসভার রাজস্ব আয় হতে কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা প্রদানসহ অন্যান্য সেবামূলক ও উন্নয়নমূলক কাজ করা হয়ে থাকে। বর্তমান পরিস্থিতিতে জরুরী সেবা চালু রাখতে নিজস্ব তহবিল থেকে অর্থ খরচ করতে হচ্ছে। এ কারণে কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের বিষয়টি সম্পূর্ণ অনিশ্চিত হয়ে পড়েছে। অপরদিকে, পবিত্র মাহে রমজান এবং ঈদ-উল-ফিতর অতি সন্নিহিত হওয়ায় পৌরসভা পক্ষে বেতন-ভাতা প্রদান করা আরো কঠিন থেকে কঠিনতর হয়ে পড়বে এবং পৌরসভার দৈনন্দিন কার্যক্রম পরিচালনায় অনিশ্চিয়তা দেখা দিবে।

বর্ষিতাবস্থায়, চলতি ২০১৯-২০ অর্থ বছরে করোনা ভাইরাসের (কোভিড-১৯) বৈশ্বিক মহামারীকালে ৩২৯টি পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা সহায়তা খাতে ১৫০.০০ কোটি (একশত পঞ্চাশ কোটি) টাকা বরাদ্দ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ফারজানা মান্নান)  
উপ সচিব  
ফোনঃ ৯৫৭৫৫৭২

সচিব  
অর্থ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়।

অনুলিপিঃ-

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
- ৪। অফিস কপি।